



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩৭.০০২.২০.২১১

তারিখ: ১৭ আষাঢ় ১৪২৭

০১ জুলাই ২০২০

বিষয়: ঝিনাইদহ জেলার হরিণাকুন্ড উপজেলার সালেহা বেগম মহিলা ডিগ্রি কলেজের ডিগ্রি (পাস) পর্যায়ে এমপিও কোড প্রাপ্তির পর ডিগ্রি পর্যায়ে নিয়োগকৃত শিক্ষক-কর্মচারীর এমপিওভুক্তি।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৭.২৭৯; তারিখ: ৩০/১০/২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ জেলার হরিণাকুন্ড উপজেলার সালেহা বেগম মহিলা ডিগ্রি কলেজের প্রভাষক (বাংলা) জনাব মামুনুর রশিদ গং (মোট ১৯) শিক্ষক/কর্মচারীদের এমপিওভুক্তির লক্ষে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং- ১১৪৩০/১৫ দায়ের করেন। উক্ত রায়ে পিটিশনারগণ জনবল কাঠামো-২০১০ এর শর্তাদি পূরণ করলে এমপিওভুক্ত করার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রস্থ পত্র মোতাবেক অনুরোধ করা হয়।

মামলার রায়: In the result the rule is made absolute, Respondent nos 1-2 are directed to enlist the name of the petitioners in the list of MPO, subject to the condition that they fulfill the requirement of "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" published on 04.02.2010 within a period of 90 days from the date of receipt of a copy of this judgment and order".

রায়ের বিরুদ্ধে আপিল নং- ১২০/২০১৮ দায়ের করা হয়। সুপ্রিম কোর্টের আপিল বিভাগের সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-১২০/২০১৮ দায়ের করা হলে তা শুনানী শেষে খারিজ হয়। হাইকোর্টের রায় বাস্তবায়ন না হওয়ায় পিটিশনারগণ কনটেম্পট পিটিশন নং-৬২৮(এ)/২০১৮ দায়ের করেন।

বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত: In such view of the matter, our opinion is that the Directorate shall inform the Ministry of the order of the contempt court for taking necessary action in the matter.

পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের প্রেক্ষিতে প্রতিষ্ঠানটি জনবল কাঠামো ২০১০ অনুযায়ী ডিগ্রি পর্যায়ে এমপিওভুক্তির শর্ত পূরণ করে কিনা এবং ডিগ্রি স্তরে নিয়োগকৃত শিক্ষক-কর্মচারীর নিয়োগ প্রক্রিয়া যথাযথ কিনা সে বিষয়ে মতামত প্রদান করার জন্য বলেন। সে প্রেক্ষিতে প্রতিষ্ঠানটি তদন্ত করা হয়। তদন্ত কর্মকর্তার মতামতসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।


শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৭.৯১; তারিখ: ২২/০৬/২০২০খ্রি. মোতাবেক মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ১১৪৩০/২০১৫ ও মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগের

সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-১২০/২০১৮ এর আদেশ এবং মাউশির মতামত অনুযায়ী নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয় হতে অনুরোধ করা হয়।

(ক) ঝিনাইদহ জেলার হরিণাকুন্ড উপজেলার সালেহা বেগম মহিলা ডিগ্রি কলেজের অনুকূলে ডিগ্রি পর্যায়ে এমপিও কোড প্রদান এবং

(খ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ২১.০১.২০২০খ্রি. এর মাধ্যমে বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানের ১৪ জন শিক্ষক-কর্মচারী “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক কর্মচারীদের বেতন ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা-২০১০ অনুযায়ী সকল শর্ত পূরণ করেছেন মর্মে উল্লেখ করা হয়েছে, তা পুনরায় যাচাই করে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত ও যোগ্য বিবেচিত হলে তাদের এমপিওভুক্তির বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ডিগ্রী (পাস) পর্যায়ে এম পি ও কোড প্রাপ্তির পর ১৪ জন শিক্ষক কর্মচারীর নিয়োগ সংক্রান্ত যাবতীয় কাগজপত্র পুনরায় যাচাই করে বিধি মোতাবেক এমপিওভুক্তির লক্ষ্যে অন লাইনে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১-৭-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক


অধ্যক্ষ, সালেহা বেগম মহিলা ডিগ্রি কলেজ,
হরিণাকুন্ড, ঝিনাইদহ

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩৭.০০২.২০.২১১/১(৭)

তারিখ: ১৭ আষাঢ় ১৪২৭
০১ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: উপ সচিব (বেসরকারি মাধ্যমিক- ৩))
- ২) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৩) কলেজ পরিদর্শক, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল , মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৫) শিক্ষা অফিসার-১, আইন শাখা, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৬) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, ঝিনাইদহ
- ৭) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা



১-৭-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক